গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ অধিশাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.৮৯০০.০১৭.২৭.০০১.১৭-৪৫৮

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ ১৪২৮ বঙ্গাব্দ।
০১ জুন ২০২১ খ্রিষ্টাব্দ।

**প্রজ্ঞাপন**

যেহেতু, শেরপুর জেলার ঝিনাইগাতী উপজেলার ০৫নং ঝিনাইগাতী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মো: মোফাজ্জল হোসেন চাঁন, ইউনিয়ন পরিষদ মাঠে বালু ভরাট প্রকল্পের ৭৪,৯৩৬/-টাকা, ইউনিয়ন পরিষদের আসবাবপত্র সরবরাহ প্রকল্পের ১,৪০,০০০/-টাকা, ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডে ল্যাট্রিন সরবরাহ প্রকল্পের ২,০০,০০০/-টাকা প্রকল্প সভাপতিকে অগোচরে রেখে টাকা উত্তোলন করে নামমাত্র ৪৫,০০০/-টাকার মালামাল নিজে ক্রয় করে বাকী ১,৫৫,০০০/-টাকা, স্টেডিয়ামের পিছনে পশ্চিম দিকে রাজ্জাক মাস্টারের পুকুরপাড় পর্যন্ত মাটি ভরাট প্রকল্পের ২৯,০০০/-টাকা, ইউনিয়ন পরিষদ ভবনের নিচে ফ্লোর স্লাপ নির্মাণ প্রকল্পের ২৪,০০০/-টাকা এবং সুরিহাড়া ভবানী খিলা রাস্তায় সুরুজ মিয়ার বাড়ীর সামনে ৩৭ মিটার লম্বা কাঠের ব্রীজ নির্মাণ প্রকল্পের ১,২০,০০০/-টাকা বিধিবহির্ভূতভাবে উত্তোলনপূর্বক আত্মসাত এর অভিযোগ স্থানীয় তদন্তে প্রমাণিত হয়েছে এবং জেলা প্রশাসক, শেরপুর বর্ণিত ইউপি চেয়ারম্যানের বিরুদ্ধে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ অনুযায়ী ব্যবস্থা গ্রহণের সুপারিশ করেছেন;

যেহেতু, শেরপুর জেলার ঝিনাইগাতী উপজেলার ০৫নং ঝিনাইগাতী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মো: মোফাজ্জল হোসেন চাঁন, ইউনিয়ন পরিষদ মাঠে বালু ভরাট প্রকল্পের ৭৪,৯৩৬/-টাকা, ইউনিয়ন পরিষদের আসবাবপত্র সরবরাহ প্রকল্পের ১,৪০,০০০/-টাকা, ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডে ল্যাট্রিন সরবরাহ প্রকল্পের ২,০০,০০০/-টাকা প্রকল্প সভাপতিকে অগোচরে রেখে টাকা উত্তোলন করে নামমাত্র ৪৫,০০০/-টাকার মালামাল নিজে ক্রয় করে বাকী ১,৫৫,০০০/-টাকা, স্টেডিয়ামের পিছনে পশ্চিম দিকে রাজ্জাক মাস্টারের পুকুরপাড় পর্যন্ত মাটি ভরাট প্রকল্পের ২৯,০০০/-টাকা, ইউনিয়ন পরিষদ ভবনের নিচে ফ্লোর স্লাপ নির্মাণ প্রকল্পের ২৪,০০০/-টাকা এবং সুরিহাড়া ভবানী খিলা রাস্তায় সুরুজ মিয়ার বাড়ীর সামনে ৩৭ মিটার লম্বা কাঠের ব্রীজ নির্মাণ প্রকল্পের ১,২০,০০০/-টাকা বিধিবহির্ভূতভাবে উত্তোলনপূর্বক আত্মসাত এর অভিযোগ স্থানীয় তদন্তে প্রমাণিত হওয়ায় তাঁর দ্বারা ইউনিয়ন পরিষদে ক্ষমতা প্রয়োগ প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন নয় মর্মে সরকার মনে করে;

সেহেতু, শেরপুর জেলার ঝিনাইগাতী উপজেলার ০৫নং ঝিনাইগাতী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মো: মোফাজ্জল হোসেন চাঁন কর্তৃক সংঘটিত অপরাধমূলক কার্যক্রম পরিষদসহ জনস্বার্থের পরিপন্থী বিবেচনায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(১) অনুযায়ী উল্লিখিত ইউপি চেয়ারম্যানকে তাঁর স্বীয় পদ হতে সাময়িক বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

১/৬/২০২১

(মো: আবুজাফর রিপন)
উপসচিব
ফোন: ৯৫৮৬৬০৫
ইমেইল: Up1lgd@gmail.com

স্মারক নং-৪৬.০০.৮৯০০.০১৭.২৭.০০১.১৭-৪৫৮

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ ১৪২৮ বঙ্গাব্দ।
০১ জুন ২০২১ খ্রিষ্টাব্দ।

**বিতরণঃ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)**

১। জেলা প্রশাসক, শেরপুর।
২। উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইগাতী, শেরপুর।
৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। জনাব মো: মোফাজ্জল হোসেন চাঁন, চেয়ারম্যান (সাময়িক বরখাস্তকৃত), ০৫নং ঝিনাইগাতী ইউনিয়ন পরিষদ, ঝিনাইগাতী, শেরপুর।

**অনুলিপি (সদয় অবগতির জন্য):**

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১/৬/২০২১

(মো: আবুজাফর রিপন)
উপসচিব

D:\Share\UP\sohag\letter-5\108

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউনিয়ন পরিষদ -১ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.৮৯০০.০১৭.২৭.০০১.১৭-৪৫৯

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ ১৪২৮ / ০১ জুন ২০২১

**বিষয়: কারণ দর্শানো নোটিশ**

উপর্যুক্ত বিষয়ে আপনি জনাব মো: মোফাজ্জল হোসেন চাঁন, চেয়ারম্যান, ০৫নং ঝিনাইগাতী ইউনিয়ন পরিষদ, ঝিনাইগাতী, শেরপুর কে ইউনিয়ন পরিষদ মাঠে বালু ভরাট প্রকল্পের ৭৪,৯৩৬/-টাকা, ইউনিয়ন পরিষদের আসবাবপত্র সরবরাহ প্রকল্পের ১,৪০,০০০/-টাকা, ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডে ল্যাট্রিন সরবরাহ প্রকল্পের ২,০০,০০০/-টাকা প্রকল্প সভাপতিকে অগোচরে রেখে টাকা উত্তোলন করে নামমাত্র ৪৫,০০০/-টাকার মালামাল নিজে ক্রয় করে বাকী ১,৫৫,০০০/-টাকা, স্টেডিয়ামের পিছনে পশ্চিম দিকে রাজ্জাক মাস্টারের পুকুরপাড় পর্যন্ত মাটি ভরাট প্রকল্পের ২৯,০০০/-টাকা, ইউনিয়ন পরিষদ ভবনের নিচে ফ্লোর স্লাপ নির্মাণ প্রকল্পের ২৪,০০০/-টাকা এবং সুরিহাড়া ভবানী খিলা রাস্তায় সুরুজ মিয়ার বাড়ীর সামনে ৩৭ মিটার লম্বা কাঠের ব্রীজ নির্মাণ প্রকল্পের ১,২০,০০০/-টাকা বিধিবহির্ভূতভাবে উত্তোলনপূর্বক আত্মসাত এর অভিযোগ স্থানীয় তদন্তে প্রমাণিত হওয়ায় জেলা প্রশাসক, শেরপুর এর সুপারিশ মোতাবেক স্থানীয় সরকার বিভাগের ০১ জুন, ২০২১ তারিখের ৪৫৮ নং স্মারকের প্রজ্ঞাপনে জনস্বার্থে আপনাকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। কেন আপনাকে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৪ (৪) (খ) ও (ঘ) ধারার অপরাধে আপনার পদ হতে চূড়ান্তভাবে অপসারণ করা হবেনা তার জবাব পত্র প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে জেলা প্রশাসক, শেরপুর এর মাধ্যমে স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২/৬/২০২১

(মো: আবুজাফর রিপন )
উপসচিব
ফোন: ৯৫৮৬৬০৫
ই-মেইল-up1lgd@gmail.com

জনাব মো: মোফাজ্জল হোসেন চাঁন
চেয়ারম্যান (সাময়িক বরখাস্তকৃত)
০৫নং ঝিনাইগাতী ইউনিয়ন পরিষদ
ঝিনাইগাতী, শেরপুর।

**বিতরণঃ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)**

১। জেলা প্রশাসক, শেরপুর (উল্লিখিত ইউপি চেয়ারম্যানের নিকট কারণ দর্শানো নোটিশ জারীপূর্বক তাঁর জবাব সংগ্রহ করে মতামতসহ প্রতিবেদন প্রেরণের অনুরোধসহ)।
২। উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইগাতী, শেরপুর।
৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

**অনুলিপি (সদয় অবগতির জন্য):**

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। অফিস কপি।